

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কাযালয়, নীলফামারী
(নেজারত শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৭৩০০.০০৯.১৬.০৭০.২৬-৯৬৩

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩
৩১ আগস্ট ২০২৬

# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর আলোকে নীলফামারী জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র:নং | উপজেলা | ইউনিয়ন | ডিলার সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | নীলফামারী সদর | চওড়া বড়গাছা | ১ (এক) টি |
| ০২ | | গোড়গ্রাম | ১ (এক) টি |
| ০৩ | | খোকসাবাড়ী | ১ (এক) টি |
| ০৪ | | পলাশবাড়ী | ১ (এক) টি |
| ০৫ | | টুপামারী | ১ (এক) টি |
| ০৬ | | রামনগর | ১ (এক) টি |
| ০৭ | | কচুকাটা | ১ (এক) টি |
| ০৮ | | পঞ্চপুকুর | ১ (এক) টি |
| ০৯ | | ইটাখোলা | ১ (এক) টি |
| ১০ | | কুন্দপুকুর | ১ (এক) টি |
| ১১ | | সোনারায় | ১ (এক) টি |
| ১২ | | সংগলশী | ১ (এক) টি |
| ১৩ | | চড়াইখোলা | ১ (এক) টি |
| ১৪ | | চাপড়া সরমজানী | ১ (এক) টি |
| ১৫ | | লক্ষীচাপ | ১ (এক) টি |
| ১৬ | সৈয়দপুর | কামারপুকুর | ১ (এক) টি |
| ১৭ | | কাশিরাম বেলপুকুর | ১ (এক) টি |
| ১৮ | | বাঙ্গালীপুর | ১ (এক) টি |
| ১৯ | | বোতলাগাড়ী | ১ (এক) টি |
| ২০ | | খাতামধুপুর | ১ (এক) টি |
| ২১ | ডোমার | ভোগডাবুড়ী | ১ (এক) টি |
| ২২ | | কেতকীবাড়ী | ১ (এক) টি |
| ২৩ | | গোমনাতী | ১ (এক) টি |
| ২৪ | | জোড়াবাড়ী | ১ (এক) টি |
| ২৫ | | বামুনিয়া | ১ (এক) টি |
| ২৬ | | পাঙ্গা মটকপুর | ১ (এক) টি |
| ২৭ | | বোড়াগাড়ী | ১ (এক) টি |
| ২৮ | | ডোমার | ১ (এক) টি |
| ২৯ | | সোনারায় | ১ (এক) টি |
| ৩০ | | হরিণচড়া | ১ (এক) টি |
| ৩১ | ডিমলা | পশ্চিম ছাতনাই | ১ (এক) টি |
| ৩২ | | বালাপাড়া | ১ (এক) টি |
| ৩৩ | | ডিমলা | ১ (এক) টি |
| ৩৪ | | খগাখড়িবাড়ী | ১ (এক) টি |
| ৩৫ | | নাউতারা | ১ (এক) টি |

চলমান পাতা-০২

| ক্র:নং | উপজেলা | ইউনিয়ন | ডিলার সংখ্যা |
|---|---|---|---|
| ৩৬ | | গয়াবাড়ী | ১ (এক) টি |
| ৩৭ | | টেপাখড়িবাড়ী | ১ (এক) টি |
| ৩৮ | ডিমলা | খালিশাচাপানী | ১ (এক) টি |
| ৩৯ | | ঝুনাগাছ চাপানী | ১ (এক) টি |
| ৪০ | | পুর্বছাতনাই | ১ (এক) টি |
| ৪১ | | গোলমুন্ডা | ১ (এক) টি |
| ৪২ | | ডাউয়াবাড়ী | ১ (এক) টি |
| ৪৩ | | বালাগ্রাম | ১ (এক) টি |
| ৪৪ | | গোলনা | ১ (এক) টি |
| ৪৫ | | ধর্মপাল | ১ (এক) টি |
| ৪৬ | জলঢাকা | শিমুলবাড়ী | ১ (এক) টি |
| ৪৭ | | মীরগঞ্জ | ১ (এক) টি |
| ৪৮ | | খুটামারা | ১ (এক) টি |
| ৪৯ | | কাঁঠালী | ১ (এক) টি |
| ৫০ | | শৌলমারী | ১ (এক) টি |
| ৫১ | | কৈমারী | ১ (এক) টি |
| ৫২ | | বড়ভিটা | ১ (এক) টি |
| ৫৩ | | পুটিমারী | ১ (এক) টি |
| ৫৪ | | নিতাই | ১ (এক) টি |
| ৫৫ | | বাহাগিলী | ১ (এক) টি |
| ৫৬ | কিশোরগঞ্জ | চাঁদখানা | ১ (এক) টি |
| ৫৭ | | কিশোরগঞ্জ | ১ (এক) টি |
| ৫৮ | | রণচন্ডী | ১ (এক) টি |
| ৫৯ | | গাড়াগ্রাম | ১ (এক) টি |
| ৬০ | | মাগুড়া | ১ (এক) টি |

**১.০। শর্তাবলী:**

১.১। "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে;

১.২। আবেদনকারীদের নির্ধারিত ইউনিয়নের ডিলার সংখ্যার বিপরীতে ২০২৬ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

**২.০। যোগ্যতা:**

২.১। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২.২। সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন অথবা সংশ্লিষ্ট কার্য এলাকায় ন্যূনতম ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

২.৩। বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

২.৪। আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

২.৫। ইউনিয়ন পরিষদ/ পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

২.৬। আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

২.৭। আবেদনকারীর শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে এবং

২.৮। আবেদনকারীর টিআইএন থাকতে হবে;

**৩.০। অযোগ্যতা:**

৩.১। ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপুর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

৩.২। কোনো বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

৩.৩। সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/খুচরা আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতার হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**৪.০। সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:**

৪.১। আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;

৪.২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

(ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;

(ঙ) আর্থিক সচ্ছলতার প্রমানক হিসেবে কমপক্ষে ৫(পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;

(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এবং স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং

(ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

৪.৩। আবেদনেপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/ পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নীলফামারী'র বরাবর জমা দিতে হবে।

৪.৪। একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নীলফামারী বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদান করা হবে। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**৫.০। জামানত ও চুক্ত সম্পাদন:**

৫.১। ডিলার হিসেবে প্রত্যেক নির্বাচিত আবেদনকারীকে চুক্তি সম্পাদনের ০২ (দুই) মাসের মধ্যে আবশ্যিকভাবে সার ব্যবস্থাপনা আইন ও সার ব্যবস্থাপনা বিধিমালা অনুসারে সার সংরক্ষণ, বিতরণ, বিপণন, পরিবহন ইত্যাদি কাজের জন্য জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী হতে নিবন্ধন গ্রহণ করতে হবে।

৫.২। ডিলার হিসেবে নিয়োগ প্রত্যাশী প্রত্যেক নির্বাচিত আবেদনকারীকে স্থায়ী জামানত জমা প্রদানের বিষয় অবহিত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তফসিলভূক্ত ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুকূলে ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে। নির্দিষ্ট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জামানতের টাকা পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং আর্নেস্টমানি বাবদ প্রদত্ত ১০,০০০.০০ (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত করা হবে। জামানত প্রাপ্তির পর মনোনীত আবেদনকারীকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, নীলফামারীর সভাপতি ও সদস্য-সচিবের সঙ্গে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে ডিলারশিপ চুক্তি সম্পাদন করতে হবে।

**৬.০। আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

৬.১। আবেদপত্র ৩১ আগস্ট ২০২৬ খ্রি. হতে ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে।

৬.২। আবেদনপত্র জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী বা উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নীলফামারী'র দপ্তরে জমা দিতে হবে।

৬.৩। ডাকযোগে প্রেরিত আবেদনপত্র ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকার পর গ্রহণ করা হবে না।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোহাম্মদ নায়িরুজ্জামান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
নীলফামারী।